

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-১৫ (কারিগরি-১)  
[www.moedu.gov.bd](http://www.moedu.gov.bd)

নং-৩৭.০০.০০০০.০৭৬.০৮.০০১.১২ (অংশ)-৫৩৩

তারিখ : ১৫ ভাদ্র, ১৪২২ বঙ্গাব্দ  
৩০ আগস্ট, ২০১৫ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউটের প্রাক্তন চিফ ইন্সট্রাক্টর (সিভিল) খোন্দকার গোলাম মোস্তফাকে শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/০৫/২০০৬ তারিখের শিম/শাঃ৫/অভিঃ১-১/৯৯/৪৪১/১(৬) নং স্মারকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(ই) মোতাবেক তাঁর বর্তমান বেতন স্কেলের ২ (দুই) ধাপ নিচে অবনমিত করা হয়। এর পরিপ্রেক্ষিতে খোন্দকার গোলাম মোস্তফা তার বেতন স্কেল ০২ (দুই) ধাপ অবনমিত করার বিপরীতে তিনি বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়াতে এটি মামলা নং ৫২/২০০৬ দায়ের করেন। দায়েরকৃত রায়ের আদেশ নিম্নরূপ :

“অত্র মামলাটি সকল প্রতিপক্ষগণের বিরুদ্ধে দো-তরফা সূত্রে বিনা খরচায় মঞ্জুর করা হইল। গত ১৭/০৫/২০০৬ তারিখের প্রজ্ঞাপন মূলে প্রদত্ত বিভাগীয় শাস্তির আদেশ এতদ্বারা বে-আইনী ও বাতিল ঘোষণা করা হইল। প্রার্থীর পূর্বের স্কেল বজায় রাখিয়া তাকে বকেয়া বেতন-ভাতাদী এবং চাকুরীর যাবতীয় সুযোগ-সুবিধাদি প্রদান করার নির্দেশ দেওয়া গেল।”

০২। বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল কর্তৃক ১৩/০৭/১০ তারিখের ০৩/০৮ নং মামলার রায় মোতাবেক পূর্বের স্কেল বজায় রেখে সমুদয় বেতন ভাতাদি এবং চাকুরির অন্যান্য সুযোগ সুবিধা প্রদানের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
(মোঃ হায়দার আলী মোল্লা)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৬৯৭২৬

মহাপরিচালক,  
কারিগরি শিক্ষা অধিদপ্তর,  
আগারগাঁও, ঢাকা।

নং-৩৭.০০.০০০০.০৭৬.০৮.০০১.১২ (অংশ)-৫৩৩/১(৫)

তারিখ : ১৫ ভাদ্র, ১৪২২ বঙ্গাব্দ  
৩০ আগস্ট, ২০১৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ০২। অধ্যক্ষ, বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউট, বগুড়া।
- ০৩। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।  
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। খোন্দকার গোলাম মোস্তফা, প্রাক্তন চিফ ইন্সট্রাক্টর (সিভিল), বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউট, বগুড়া।
- ০৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বগুড়া।

  
(মোঃ হায়দার আলী মোল্লা)  
সহকারী সচিব